

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সিটি কর্পোরেশন-২ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.০২.০১৯.১৭(অংশ-১).৭৭২

তারিখঃ ২৯ কার্তিক ১৪২৪
১৩ নভেম্বর ২০১৭

প্রেরকঃ মোঃ শহীদুল ইসলাম
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ


প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের আওতায় এলজিইডি কর্তৃক বাস্তবায়নধীন 'সিটি গভর্নেন্স প্রজেক্ট (সিজিপি)' শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোডঃ ৫১১৮) অনুকূলে চলতি ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে জিওবি বাবদ বরাদ্দকৃত অর্থের ২য় কিস্তি বাবদ মোট ৬১২.৫০ লক্ষ (ছয় কোটি বার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা (রাজস্ব খাতে ৪৭১.০০ লক্ষ টাকা এবং মূলধন খাতে সিডিভ্যাট ব্যতীত ১৪১.৫০ লক্ষ) টাকা অবমুক্তি।

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২৭ জুলাই ২০১৭ তারিখের ৪৬.০০.০০০০.০৭১.০২.০১৯.১৪.৫১৮ নং সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা (জিওবি) অংশের বরাদ্দ হইতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করিতেছি।

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ পিপিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	ঋণের অর্থের পরিমাণ	বিনিয়োগের অর্থের পরিমাণ	অনুদানের অর্থের পরিমাণ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	'সিটি গভর্নেন্স প্রজেক্ট (সিজিপি)' শীর্ষক প্রকল্প কোড নং-৫১১৮	অনুমোদিত	২য় কিস্তি	-	-	-	৪৭১.০০ লক্ষ	১৪১.৫০ লক্ষ (সিডি ভ্যাট ব্যতীত)	৬১২.৫০ লক্ষ

- এ ব্যয় মঞ্জুরি নং-৩৩, এলজিইডি কোড-৩৭৩১, প্রকল্প কোড-৫১১৮, 'সিটি গভর্নেন্স প্রজেক্ট (সিজিপি)' শীর্ষক প্রকল্পের জন্য রক্ষিত চলতি অর্থ বছরের (২০১৭-১৮) বাজেট বরাদ্দ হতে বহন করা হবে।
- উপর্যুক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। তবে শুল্ক মূল্য সংযোজন কর এবং পুনর্ভরনযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এ অংকের বহির্ভূত।
- বরাদ্দকৃত এ অর্থ অনুমোদিত প্রকল্প ছকে (পিপি) বর্ণিত খাতওয়ারী বরাদ্দ অনুযায়ী বরাদ্দ করতে হবে এবং মোট ব্যয় কোন ক্রমেই অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।
- প্রকল্পে কর্মরত কর্মকর্তাগণ নিজ নিজ বেতন ও ভাতাদি আহরণ করবেন এবং কর্মচারীদের বেতন ভাতাদি এবং সরবরাহ ও সেবা ইত্যাদি খরচের জন্য প্রকল্প পরিচালক আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।
- ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে অব্যয়িত অর্থের সমর্পন করতে হবে।
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান প্রতিপালন করতে হবে এবং ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- এই আদেশ অর্থ বিভাগের ১৩ নভেম্বর ২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ নং স্মারকের প্রেক্ষিতে অত্র বিভাগকে যে ক্ষমতা অর্পণ করা হইয়াছে, সেই অনুসারে জারি করা হইল।


(মোঃ শহীদুল ইসলাম)
উপসচিব

ফোনঃ ৯৫১১৬০৩


ই-মেইলঃ dsc2.lgd.gov@gmail.com

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.০২.০১৯.১৭(অংশ-১).৭৭২/১(৮)

তারিখঃ ২৯ কার্তিক ১৪২৪
১৩ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব (বাঃ ১১)।
- ২। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ৫। উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৬। প্রকল্প পরিচালক, 'সিটি গভর্নেন্স প্রজেক্ট (সিজিপি)' শীর্ষক প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
- ৮। অফিস কপি।


(মোঃ শহীদুল ইসলাম)
উপসচিব